

২২.৩.২০২১ (৬:৩০)
Radian
০২.০৩.২০২১

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
জনসংযোগ অধিশাখা

নং-১৭.০০.০০০০.০৪০.১৭.০১৬.১৯-৮০

তারিখ: ০১ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

আগামীকাল ২ মার্চ ২০২১ জাতীয় ভোটার দিবস। ৩য় বারের মতো সারাদেশে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের সকল প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। করোনা মহামারীর কারণে সীমিত পরিসরে ভোটার দিবস উদযাপন করা হবে। এবারের ভোটার দিবসের প্রতিপাদ্য “বয়স যদি আঠারো হয়-ভোটার হতে দেরি নয়”। জাতীয় ভোটার দিবসে ২০২০ সালের ভোটার তালিকা হালনাগাদের চূড়ান্ত ভোটার সংখ্যা প্রকাশ করা হবে।


ভোটার দিবস উদযাপন উপলক্ষে আগামীকাল ২মার্চ মঙ্গলবার সকাল ৯.৩০ ঘটিকায় নির্বাচন ভবনের সামনের চত্বর হতে বেলা উড়িয়ে মাননীয় কমিশন ভোটার দিবস উদযাপন কার্যক্রমের শুভ উদ্বোধন করবেন।

ভোটার দিবস উপলক্ষে ২মার্চ সকাল ১০টায় নির্বাচন ভবনের অডিটরিয়ামে ভোটার দিবসের গুরুত্ব ও তাৎপর্য নিয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। মাননীয় প্রধান নির্বাচন কমিশনার প্রধান অতিথি হিসেবে এবং মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। এছাড়াও বিকেল ৩.০০ ঘটিকায় মাননীয় প্রধান নির্বাচন কমিশনার সকল আঞ্চলিক, জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের সাথে ZOOM এর মাধ্যমে ভার্চুয়াল সভায় অংশগ্রহণ করবেন।

এছাড়া উপজেলা, জেলা ও আঞ্চলিক পর্যায়েও যথাযোগ্য মর্যাদায় জাতীয় ভোটার দিবস পালন করা হবে। দিবসটি উপলক্ষে নির্বাচন ভবন ও মাঠপর্যায়ের অফিস ভবনে আলোকসজ্জা করা হয়েছে এবং ভবনের সামনের রাস্তায় ব্যানার, ফেস্টুন দিয়ে সাজানো হয়েছে।

ঢাকাসহ আঞ্চলিক, জেলা ও উপজেলা/থানা পর্যায়ে নানাবিধ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এর মধ্যে রয়েছে আলোচনাসভা, ভবনসমূহে আলোকসজ্জাকরণ, প্রিন্ট মিডিয়ায় বিশেষ ক্রোড়পত্র ও বিজ্ঞাপন প্রকাশ, গুরুত্বপূর্ণ ও দর্শনীয় স্থানে ব্যানার ঝুলানো ইত্যাদি। জাতীয় ভোটার দিবস ২০২১ উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার ও মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ এবং নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব মহোদয় বাগী দিয়েছেন।

এ বছর ৩য় বারের মতো জাতীয় ভোটার দিবস উদযাপন করা হচ্ছে। বাংলাদেশে গণতন্ত্রের পদযাত্রায় নতুন একটি সংযোজন হচ্ছে জাতীয় ভোটার দিবস। ২০১৩ সালে সার্কভুক্ত দেশগুলোর নির্বাচন বিষয়ক সংগঠন ফেমবোসার (FEMBoSA) চতুর্থ সভার সিদ্ধান্ত মোতাবেক সদস্য দেশগুলো জাতীয়ভাবে ভোটার দিবস পালনের সিদ্ধান্ত গ্রহণ করে। এর পরই মূলত জাতীয় ভোটার দিবস উদযাপনের চিন্তাভাবনা শুরু হয়। এরই ধারাবাহিকতায় নির্বাচন কমিশন সচিবালয় জাতীয়ভাবে ভোটার দিবস উদযাপনের একটি প্রস্তাব কমিশন সভায় উপস্থাপন করে। মাননীয় কমিশন প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গ্রহণ করেন এবং নীতিগতভাবে জাতীয় ভোটার দিবস উদযাপনের সিদ্ধান্ত গ্রহণ করেন। পরবর্তীতে জাতীয় ভোটার দিবস উদযাপনের প্রস্তাবটি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হলে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগের ৮ এপ্রিল ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভায় তা সরকারের অনুমোদন লাভ করে। সরকারের সিদ্ধান্ত অনুসারে সে সময় প্রতিবছর ১ মার্চ জাতীয় ভোটার দিবস পালনের সিদ্ধান্ত হয়। পরবর্তীতে ১মার্চের পরিবর্তে ২মার্চ তারিখে জাতীয় ভোটার দিবস পালনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।



(এস এম আসাদুজ্জামান)

পরিচালক (জনসংযোগ)

ও যুগ্মসচিব (সিসি)